

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২২ আগস্ট ২০২১খ্রি.

পতেঙ্গা লিংক রোড পরিদর্শন শেষে মতবিনিময়কালে মেয়র
চসিক ও চউক সমন্বিত উদ্যোগে কাজ করে যাবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার মিশন-ভিশন অনুযায়ী চট্টগ্রামকে গড়তে জনমুখী প্রত্যয় ও অঙ্গীকার পূরণে সমন্বিত উদ্যোগে কাজ করতে হবে। এই লক্ষ্য পূরণে চসিক এবং চউক একসাথে কাজ করে যাবে। তিনি আজ রোববার বিকেলে পতেঙ্গা লিংক রোড পরিদর্শনকালে একথা বলেন। এ সময় চউক চেয়ারম্যান এম.জাহিরুল আলম দোভাষ বলেন, নগরীর জলাবদ্ধতা নিরসনে মেগা প্রকল্প বাস্তবায়নে যে-সব সমস্যাগুলো বিদ্যমান ছিলো তা সমাধানে চসিক ও চউক এর প্রকৌশলী পর্যায়ে একটি সমন্বিত কমিটি গঠন করা হয়েছে। এই কমিটির প্রতিবেদনের ভিত্তিতে পতেঙ্গা লিংক রোডসহ অন্যান্য অবকাঠামো স্থাপন ও বাস্তবায়ন করা হবে।

মুক্তিযোদ্ধা প্রবীণ আওয়ামী লীগ নেতা কমান্ডার জামালের
মৃত্যুতে মেয়রের শোক

বীর মুক্তিযোদ্ধা ও প্রবীণ আওয়ামী লীগ নেতা কমান্ডার জামাল আহমদের মৃত্যুতে শোক প্রকাশ করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী। তিনি আজ রোববার সকালে এক শোক বার্তায় বলেন, কমান্ডার জামাল আহমদ ছিলেন একজন দেশ প্রেমিক রাজনৈতিক। স্বাধীনতা ও ৭৫ পরবর্তী দুঃসময়ে দেশের গণতান্ত্রিক আন্দোলন সংগ্রামে তিনি সব সময় সক্রিয় ভূমিকা পালন করেন। তাঁর মতো রাজনৈতিক কর্মীর শূন্যতা সহজে পূরণ হবার নয়। মেয়র মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর শোক সন্তোষ পরিবার পরিবনের প্রতি গভীর সমবেদনা জানান।

চসিকের ভ্রাম্যমান আদালত
ফুটপাথ হতে অবৈধ দোকান উচ্ছেদ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ রবিবার খুলশী ও আকবার শাহ এলাকায় ভ্রাম্যমান আদালত পরিচালিত হয়। অভিযানকালে ফয়েজ লেক সড়কের রাস্তা ও ফুটপাথের উপর অবৈধভাবে স্থাপিত ত্রিশটি অবৈধ দোকান উচ্ছেদ করা হয়। উচ্ছেদ অভিযানে দখলমুক্ত ফুটপাথ লোহার এঙ্গেল স্থাপন করে জনসাধারণের চলাচলের জন্য উন্মুক্ত করে দেওয়া হয়। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে রাস্তা ও ফুটপাথের অবৈধ দখল উচ্ছেদে অভিযান অব্যাহত থাকবে। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী ও স্পেশাল ম্যাজিস্ট্রেট জাহানারা ফেরদৌসের নেতৃত্বে এই অভিযান পরিচালিত হয়। অভিযানকালে ম্যাজিস্ট্রেটগনকে সহায়তা প্রদান করেন কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ, খুলশী থানা পুলিশ ও ৩০ আনসার ব্যাটালিয়ান সদস্য।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩